# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৭১১

২৬/ জিহাদ (كتاب الجهاد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ইমাম অর্থাৎ রাষ্ট্র প্রধান।

## باب مَا جَاءَ فِي الإِمَامِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " أَلاَ كُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ فَالأَمِيرُ الَّذِي عَلَى النَّاسِ رَاعٍ وَمَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ وَالرَّجُلُ رَاعٍ عَلَى أَهْلِ بَيْتِهِ وَهُوَ مَسْئُولٌ عَنْهُمْ وَالْمَرْأَةُ رَاعِيَةٌ عَلَى بَيْتِ بَعْلِهَا وَهِيَ مَسْئُولَةٌ عَنْهُ وَالْعَبْدُ رَاعٍ عَلَى مَالِ سَيِّدِهِ وَهُوَ مَسْئُولٌ عَنْهُ أَلاَ فَكُلُّكُمْ رَاعٍ وَكُلُّكُمْ مَسْئُولٌ عَنْ رَعِيَّتِهِ " . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَنَسٍ وَأَبِي مُوسَى . وَحَدِيثُ أَبِي مُوسَى غَيْرُ مَحْفُوظٍ وَحَدِيثُ أَنَسٍ غَيْرُ مَحْفُوظٍ وَحَدِيثُ ابْنِ عُمَرَ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .
قَالَ حَكَاهُ إِبْرَاهِيمُ بْنُ بَشَّارٍ الرَّمَادِيُّ عَنْ سُفْيَانَ بْنِ عُيَيْنَةَ، عَنْ بُرَيْدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنْ أَبِي مُوسَى، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم . أَخْبَرَنِي بِذَلِكَ، مُحَمَّدٌ عَنْ إِبْرَاهِيمَ بْنِ بَشَّارٍ، . قَالَ وَرَوَى غَيْرُ، وَاحِدٍ، عَنْ سُفْيَانَ، عَنْ بُرَيْدٍ، عَنْ أَبِي بُرْدَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً وَهَذَا أَصَحُّ . قَالَ مُحَمَّدٌ وَرَوَى إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ مُعَاذِ بْنِ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ قَتَادَةَ عَنْ أَنَسٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم " إِنَّ اللَّهَ سَائِلٌ كُلَّ رَاعٍ عَمَّا اسْتَرْعَاهُ " . قَالَ سَمِعْتُ مُحَمَّدًا يَقُولُ هَذَا غَيْرُ مَحْفُوظٍ وَإِنَّمَا الصَّحِيحُ عَنْ مُعَاذِ بْنِ هِشَامٍ عَنْ أَبِيهِ عَنْ قَتَادَةَ عَنِ الْحَسَنِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم مُرْسَلاً .

বাংলা

১৭১১। কুতায়বা (রহঃ) .... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

বলেছেন, সাবধান, তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল আর তোমরা প্রত্যেকেই তার অধীনস্থদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে। জনগণের আমীরও একজন দায়িত্বশীল সে তার প্রজাদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে। একজন পুরুষ তার পরিবারস্থ লোকদের ব্যাপারে দায়িত্বশীল সে তাদের সম্পর্কে জিজ্ঞাসিত হবে। একজন স্ত্রীলোক তার স্বামীর ঘরের তত্ত্বাবধায়ক সে এতদ্বিষয়ে জিজ্ঞাসিত হবে। গোলাম তার মালিকের ধন-সম্পদের ব্যাপারে তত্ত্বাবধায়ক এতদ্বিষিয়ে সে জিজ্ঞাসিত হবে। শোন তোমরা প্রত্যেকেই দায়িত্বশীল আর তোমরা প্রত্যেকেই নিজ নিজ দায়িত্ব সম্পর্কে জিজ্ঞাসিত হবে।

সহীহ, সহীহ আবূ দাউদ ২৬০০, নাসাঈ, তিরমিজী হাদিস নম্বরঃ ১৭০৫ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আবূ হুরায়রা, আনাস ও আবূ মূসা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। ইবনু উমার বর্ণিত এই হাদীসটি হাসান-সহীহ। আবূ মূসা রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি মাহফুজ নয়। আনাস রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটিও মাহফুজ নয়। ইবরাহীম ইবনু বাশশার রামাদি (রহঃ) এটিকে সুফইয়ান ইবনু উয়ায়না-বুরায়দা ইবনু আবদুল্লাহ ইবনু আবূ বুরদা-আবূ বুরদা-আবূ মূসা রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন। মুহাম্মদ ইবনু ইবরাহীম ইবনু বাশশার (রহঃ) উক্ত সূত্রে আমাকে তা বর্ণনা করেছেন। মুহাম্মদ (আল বুখারী) বলেছেন, একাধিক রাবী এটিকে সুফইয়ান-বুরায়দা ইবনু আবী বুরদা-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসাল রূপে বর্ণনা করেছেন। এটি অধিকতর সহীহ।

মুহাম্মদ (রহঃ) বলেন, ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) ... মুআয ইবনু হিশাম-তার পিতা হিশাম-কাতাদা-আনাস রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ তা'আলা প্রত্যেক দায়িত্বশীল ব্যক্তিকে তাঁর তত্ত্বাবধানের বিষয়গুলোকে জিজ্ঞাসা করবেন... মুহাম্মদ (আল বুখারী) (রহঃ)-কে বলতে শুনেছি যে, এটি মাহফুজ নয়। সহীহ হল এটি মুআয ইবনু হিশাম-তার পিতা হিশাম-হাসান-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে মুরসাল রূপে বর্ণিত আছে।

## English

Narrated Ibn 'Umar:

That the Prophet (ﷺ) said: "Indeed each of you is a shepherd and all of you will be questioned regarding your flock. The commander who is in authority over the Muslims is responsible and he will be questioned regarding his responsibility. The man is responsible over the inhabitants of his house and he is the one who will be questioned about them. The wife is responsible in her husband's house and she will be questioned about it. The slave is responsible regarding his master's property, and he will be questioned about it. Indeed each of you is a shepherd and each of you will be questioned about his flock."

[Abu 'Eisa said:] There are narrations on this topic from Abu Hurairah, Anas,

and Abu Musa. The Hadith of Abu Musa is not preserved, and the Hadith of Anas is not preserved. And the Hadith of Ibn 'Umar is Hasan Sahih Hadith.

Ibrahim bin Bash-shar Ar-Ramadi reported it from Sufyan bin 'Uyainah, from Buraid bin 'Abdullah bin Abu Burdah, from Abu Burdah, from Abu Musa, from the Prophet (ﷺ).

Muhammad informed me of that, from Ibrahim bin Bash-Shar [Ar-Ramadi]. Muhammad said:
"More than one has reported it from Sufyan, from Buraid bin Abu Burdah [from Abu Burdah] from the Prophet (ﷺ) in Mursal form. This is more correct." Muhammad said: "Ishaq bin Ibrahim reported from Mu'adh bin Hisham, from his father, from Qatadah, from Anas, from the Prophet (ﷺ) who said: 'Indeed Allah will question everyone who is responsible about his charge.'" I heard Muhammad saying: "This is not preserved. It is only correct from Mu'adh bin Hisham from his father, from Qatadah, from Al-Hasan, from the Prophet (ﷺ), in Mursal form."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন | বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=22220

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন